



মানবিক বাংলাদেশ গড়াই সরকারের লক্ষ্য: সমাজকল্যাণ মন্ত্রী



সমাজকল্যাণ মন্ত্রী ডা: জাহিদ হোসেন। ছবি: সংস্থিত

অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গঠনে কাজ করছে, যেখানে রাজনৈতিক মতভেদের কারণে কেউ বৈষম্যের শিকার হবে না বলে জানিয়েছেন সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন।

মঙ্গলবার (১৯ মে) বিকেলে সিলেটে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের নিয়ে আয়োজিত একটি সামিটে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, রাষ্ট্রের উন্নয়ন ও সেবার সুফল দেশের সব নাগরিকের কাছে সমানভাবে পৌঁছে দিতে সরকার কাজ করছে। ভিন্ন মত ও পথ থাকলেও সবাইকে সঙ্গে নিয়েই দেশ গঠনের লক্ষ্য রয়েছে সরকারের।

তিনি আরও জানান, প্রতিবন্ধী ব্যক্তিদের সেবায় প্রতিটি উপজেলায় ভ্রাম্যমাণ সেবা কার্যক্রম চালুর পরিকল্পনা নেওয়া হচ্ছে, যাতে সুবিধা সহজে মানুষের দোরগোড়ায় পৌঁছায়।

সিলেটে আয়োজিত ‘স্পেশাল অ্যাবিলিটি সামিট’ অনুষ্ঠিত হয় বিশেষ চাহিদাসম্পন্ন শিশু ও তাদের অভিভাবকদের নিয়ে। হিউম্যান কেয়ার সংগঠনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে বিশেষজ্ঞ, শিক্ষক ও অভিভাবকরা অংশ নেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। আলোচনায় বিশেষ শিশুদের শিক্ষা, চিকিৎসা, পুনর্বাসন এবং সমাজে তাদের অন্তর্ভুক্তি নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়।